তারিখ 14 NOV 2016
পৃষ্ঠা ২০ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# দেশে মোট প্রকৌশল শিক্ষার্থীর ৩০ শতাংশ নারী

## আজ প্রথম নারী ইঞ্জিনিয়ার্স কংগ্রেস

■ রাবেয়া বেবী

বর্তমানে দেশের মোট প্রকৌশল শিক্ষার্থীর ৩০ শতাংশই নারী বলে জানিয়েছে বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (বুয়েট)। সম্প্রতি পৃষ্ঠা ২ কলাম ৫

## দেশে মোট প্রকৌশল

২০ পৃষ্ঠার পর

বুয়েটের একটি পরিসংখ্যানে. দেখা গেছে, স্নাতক পর্যায়ে মোট ৫২৮১ শিক্ষার্থীর মধ্যে চার হাজার ১৫৯ জন পুরুষ এবং এক হাজার ১২২ জন নারী। স্নাতকোত্তর পর্যায়ে পাঁচ হাজার ৪৫৪ জনের মধ্যে এক হাজার ২৭ জনই নারী। স্নাতক সম্পন্ন করে সাধারণত নারী শিক্ষার্থীরা এই পেশায় না থেকে ঝরে পড়ে। এই অবস্থা থেকে উত্তরণ ও নতুন নারী প্রকৌশলীদের উৎসাহিত করতে আজ সোমবার থেকে শুরু হচ্ছে দুই দিনব্যাপী প্রথম নারী ইঞ্জিনিয়ার্স কংগ্রেস।

২০১৩ সালে দেশে ট্রিপলি ওমেন ইন ইঞ্জিনিয়ারিং ইন বাংলাদেশ ইলেকট্রিক্যাল এবং কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এন্ড সাইন্স বিষয় একটি কংগ্রেস আয়োজন করলেও নারী প্রকৌশলীদের জন্য এবছর প্রথম কংগ্রেসের আয়োজন করছে বুয়েট ক্যারিয়ার ক্লাব।

ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং এর ৩য় বর্ষের নুজাত জাহান বললেন. পাস করার পরে মেয়েদের কাজের সুযোগ ও পরিবেশ সব সময় অনুকূল থাকে না। সে যে বিষয় পড়ছে সে বিষয় চাকরির সুযোগগুলো হয় গাজীপুর ও সাভারে। তাই অনেকের পক্ষেই ঢাকা থেকে সেখানে গিয়ে কাজ করা হয় না। তখন তাকে ইঞ্জিনিয়ারিং ছেড়ে কর্পোরেট জবে প্রবেশ করতে হয়। এ কংগ্রেসে অভিভাবকেরাও থাকবেন।

ক্যামিক্যাল ইঞ্জিনিয়ারিং এর ৩য় বর্ষের সুহা তাবিল বলেন. নারী ইঞ্জিনিয়াররা পেশা পরিবর্তন যাতে না করে সেজন্যই এই কংগ্রেস। আমরা আশাবাদি আমাদের উদ্দেশ্য সফল হবে। বুয়েটের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রথম নারী অধ্যাপক এবং ২০১৬-আইট্রিপলি রিজিওনটেন (এশিয়া প্যাসিফিক) ওমেন ইন ইঞ্জিনিয়ারিং-এর সমন্বয়ক ড. সেলিয়া শাহনাজ ইত্তেফাককে বলেন, স্কুল থেকেই মেয়েদের প্রকৌশল পেশাটির প্রতি আগ্রহী করতে প্রচারণা চালাতে হবে। আমরা শুধু মেয়েদের আর পরিবারকে উৎসাহিত করব।

আজ ও আগামীকাল মঙ্গলবার এই কংগ্রেসে সমাজে প্রতিষ্ঠিত ও পথিকৃৎ নারী ইঞ্জিনিয়ার বিভিন্ন সেশনে অংশ নিয়ে বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন।